



## গুম-খুনের শিকার পরিবারগুলোর পাশে বিএনপি: তারেক রহমান



সংগৃহীত ছবি

গুম, খুন ও নির্যাতনের শিকার পরিবারগুলোর পাশে থাকার অঙ্গীকার পুনর্ব্যক্ত করেছেন বিএনপি চেয়ারম্যান তারেক রহমান। তিনি বলেন, ষড়যন্ত্র করে বিএনপিকে দমন করা যাবে না এবং গণতান্ত্রিক পথ রুদ্ধ করার যেকোনো চেষ্টা রুখে দিতে সবাইকে সজাগ থাকতে হবে।

শনিবার রাজধানীর চীন-মৈত্রী সম্মেলন কেন্দ্রে ভুক্তভোগী পরিবারগুলোর সঙ্গে মতবিনিময় সভায় তিনি বলেন, ফ্যাসিবাদবিরোধী আন্দোলনে বিএনপির নেতাকর্মীরা দীর্ঘদিন রাজপথে থেকেছেন। একটি পরিবার আক্রান্ত হলে অন্যজন প্রতিরোধে নেমেছে—এটাই দলের রাজনীতি।

তিনি আরও বলেন, কৌশলের নামে গোপনে সরে যাওয়ার রাজনীতি বিএনপি করে না। যারা নানা অজুহাতে গণতন্ত্র বিলম্বিত করতে চায়, তাদের বিষয়ে সতর্ক থাকতে হবে। এবার সুযোগ হারালে তা শহীদদের প্রতি অবমাননা হবে।

নির্বাচন কমিশন প্রসঙ্গে তিনি বলেন, কিছু বিতর্কিত অবস্থান নেওয়া হলেও দল হিসেবে বিএনপি ধৈর্য বজায় রাখবে।

সভায় বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ বলেন, নির্বাচনী প্রক্রিয়া ভুলের চেষ্টা সফল হবে না এবং গণতন্ত্রে ফেরার লড়াই অব্যাহত থাকবে।

সভায় উপস্থিত ভুক্তভোগী স্বজনরা প্রিয়জন নিখোঁজের বেদনার কথা তুলে ধরে ঘটনার নিরপেক্ষ তদন্ত ও ন্যায়বিচারের দাবি জানান।